

## পৌল - তীমথি অধ্যয়নগুলি কিভাবে ব্যবহার করতে হবে

### এইভাবে শুরু করুন

Download P-T studies freely from [www.Paul-Timothy.net](http://www.Paul-Timothy.net).

১. পৌল-তীমথি ব্যবহারিক তালিকা থেকে নিজের প্রয়োজন মত অধ্যয়ন কিভাবে বেছে নিতে হবে
  - আপনার সমন্বয়কারীর কাছ থেকে পৌল - তীমথি ব্যবহারিক তালিকাটি চেয়ে নিন।
  - অধ্যয়নগুলো ১৬টি পরিচর্যা কাজের অধীনে শ্রেণীবদ্ধ (ভূমিকা সহ)। প্রত্যেকটি শিক্ষার্থীর জন্য একটি করে অধ্যয়নের বিষয় বাছুন যা তার উপাসক মণ্ডলীর বর্তমান প্রয়োজনের মোকাবিলা করতে সাহায্য করবে।
  - প্রথমে পরিচর্যা কাজ খুঁজে দেখুন যার মধ্যে প্রয়োজনের সঙ্গে সম্বন্ধ যুক্ত অধ্যয়ন অন্তর্ভুক্ত আছে। উদাহরণ, কোন শিক্ষার্থী যদি আরাধনার বিষয়টি উন্নত করতে চান, তবে তাকে আরাধনার অন্তর্গত তালিকা থেকে সম্বন্ধযুক্ত অধ্যয়নটি খুঁজে নিতে হবে।
  - প্রতিটি পরিচর্যার অন্তর্ভুক্ত অধ্যয়নগুলো পৃথকভাবে সংরক্ষণ করতে হবে, যাতে আপনি সহজেই সেগুলো খুঁজে বের করতে পারেন।
২. ব্যবহারিক তালিকার মধ্যস্থ পরিচর্যাগুলোতে বিভিন্ন বিষয়ের অধ্যয়নের সেট (বিন্যাস) অন্তর্ভুক্ত করা হয়েছে।
  - প্রতিটি পরিচর্যার ক্ষেত্রে আবার বিভিন্ন অধ্যয়নের বিন্যাস করা হয়েছে। উদাহরণ, “আরাধনা” পরিচর্যার মধ্যে প্রভুর ভোজ, যীশুর পুনরুত্থান উদ্‌যাপন এবং আরাধনার অন্যান্য বিষয়ের বিন্যাসগুলো (সেটস) অন্তর্ভুক্ত।
  - প্রতিটি বিন্যাসে পালকদের জন্য এবং শিশুদের জন্য অধ্যয়ন আছে। উভয় অধ্যয়নে একই বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে। প্রাপ্ত বয়স্কগণ বাইবেলের যে গল্পগুলো শিখবেন, শিশুরাও পূর্বেই তা প্রস্তুত করতে সক্ষম হবে। শিশুরা আরাধনার সময় প্রাপ্তবয়স্কদের কাছে বাইবেলের গল্পগুলো অভিনয় করে দেখাবে।
  - পালকদের অধ্যয়নের বিষয়গুলোর একেবারে প্রথমেই উপরে ‘পালক’ (shepherd) শব্দটি লেখা থাকবে। এর অধ্যয়নের ক্রমিক সংখ্যাটার শেষে ‘a’ অক্ষরটি লেখা থাকবে, উদাহরণ ‘A1a.’
  - শিশুদের অধ্যয়নের একেবারে উপরে ‘শিশুদের’ (children) শব্দটি লেখা থাকবে। এর অধ্যয়নের ক্রমিক সংখ্যাটার শেষে ‘b’ অক্ষরটি লেখা থাকবে, উদাহরণ ‘A1b’.
  - কয়েকটি বিন্যাসে বিষয়ের উপর অতিরিক্ত তথ্য যুক্ত সংযোজিত অধ্যয়ন প্রদত্ত হয়েছে। ঐ অধ্যয়নগুলোর ক্রমিক সংখ্যার শেষে c, d অথবা e অক্ষরগুলো ব্যবহার করা হয়েছে।
  - নতুন পালকদের এই অধ্যয়নগুলো কোন একজন ব্যক্তিকে পরবর্তী সপ্তাহের কার্যকলাপের বিষয় এবং পরবর্তী আরাধনার বিষয় পরিকল্পনা করতেও সাহায্য করবে।
৩. “শুরু করুন” অধ্যয়নগুলো ব্যবহারের মাধ্যমে পৌল-তীমথি নেতাদের প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করুন
  - প্রশিক্ষকগণ A0f ক্রমিক সংখ্যার অধ্যয়ন থেকে ‘নতুন পালকদের প্রশিক্ষণের নির্দেশাবলী ব্যবহার করবেন।
  - পালকীয় শিক্ষার্থীগণ A0a ক্রমিক সংখ্যার অন্তর্ভুক্ত ‘নতুন পালকদের প্রশিক্ষিত হওয়ার নির্দেশাবলী’ ব্যবহার করবেন।
  - সমস্ত নতুন পালকদের অধ্যয়নগুলোর ক্রমিক সংখ্যার শেষে অক্ষরটি লেখা থাকবে।
  - শিশুদের শিক্ষকগণ A0b ক্রমিক সংখ্যার অন্তর্ভুক্ত ‘শিশুদের শিক্ষকদের জন্য নির্দেশাবলী ব্যবহার করবেন।
  - শিশুদের সমস্ত অধ্যয়নগুলোর ক্রমিক সংখ্যার শেষে ‘b’ অক্ষরটি লেখা থাকবে।
  - আরাধনার নেতৃবর্গ A0e ক্রমিক সংখ্যার অন্তর্ভুক্ত “যারা দলগত আরাধনা পরিবেশন করেন তাদের জন্য নির্দেশাবলী ব্যবহার করবেন।”
  - অন্যান্য কর্মীগণ A0d ক্রমিক সংখ্যার অন্তর্ভুক্ত ডীকন, ডীকনেস, ক্ষুদ্রদলের নেতৃবৃন্দ এবং সপ্তাহব্যাপী যারা কার্যকলাপ পরিচালিত করেন তাদের জন্য প্রদত্ত নির্দেশাবলী ব্যবহার করবেন।
  - কোঅর্ডিনেটরগণ (সমন্বয়বিধানকারীগণ), যারা পৌল - তীমথি প্রশিক্ষণের উদ্যোগের জন্য কর্মশালা পরিচালনা করেন তারা ‘পৌল- তীমথি কর্মশালা সহায়িকা’ ব্যবহার করবেন।


৪. পৌল-তীমথি অধ্যয়নগুলো আপনাকে পারস্পরিক এবং সম্পর্কযুক্ত আরাধনার কার্যকলাপের বিষয়ে পরিকল্পনা করতে সাহায্য করবে।

শিশু সহ পারিবারিক পরিবেশে অসংখ্য অংশ গ্রহণকারীদের মধ্যে আরাধনার প্রস্তুতির ক্ষেত্রে পৌল - তীমথি অধ্যয়নগুলো ব্যবহার করুন। যেখানে লোকদের মধ্যে সুন্দর সম্পর্ক থাকে সেই সভায় পবিত্র আত্মা আরও শক্তিশালীভাবে কাজ করতে পারেন।

৫. পৌল-তীমথি অধ্যয়নগুলো সুবিধাজনক ভাবে পকেটে রাখার আকারে মুদ্রিত করতে পারা যায়।

সহজভাবে ব্যবহারের উপযোগী করে অধ্যয়নগুলো প্রদান করুন নতুন পালকদের এবং শিশুদের অধ্যয়নগুলো একটি কাগজের উভয় দিকে ছাপানোর উপযোগী করা উচিত। একটা কাগজকে দুই ভাঁজ করলে চারটে পৃষ্ঠা হবে। নতুন পৌল -তীমথি অধ্যয়নগুলো আপনার প্রয়োজনের ওপর আলোকপাত করে লেখা যেতে পারে।

আপনি যদি পৌল - তীমথি অধ্যয়নগুলোর লেখকদের কাছে অন্য প্রয়োজনীয় অধ্যয়নের বিষয়গুলো জানান, তবে তারা সেই অনুসারে অধ্যয়নগুলো তৈরী করার চেষ্টা করতে পারেন। আপনার নেতাদের কাছে প্রয়োজনগুলো জানাতে পারেন যাতে তারা পৌল-তীমথি লেখকদের তা জানাতে পারেন।



- পৌল- তীমথি পাঠক্রমগুলো কখনই চূড়ান্ত হবে না, কারণ আপনার উপাসক মণ্ডলীর প্রয়োজনের বিষয়ে আপনার রিপোর্ট অনুসারে সর্বদা এর সঙ্গে নতুন অধ্যয়নের বিষয় যোগ করা হবে বা উন্নত করা হবে।
- প্রস্তুতি সম্পূর্ণ হলেই পৌল-তীমথি আরও অতিরিক্ত অধ্যয়নগুলো প্রকাশ করে। সুতরাং নতুন কিছু প্রকাশিত হয়েছে কিনা তা দেখার জন্য সর্বদা আমাদের ওয়েবসাইট খুলে দেখুন [www.Paul-Timothy.net](http://www.Paul-Timothy.net).

৬. পৌল-তীমথি অধ্যয়নগুলো নকল করার বিষয়ে বা অনুবাদ করার বিষয়ে কোন বিধি নিষেধ নেই।

- এই পুস্তিকা বা উপকরণগুলো স্বাধীনভাবে নকল করতে পারেন, যে কোন ভাষায় অনুবাদ করতে পারেন, যে কোন মাধ্যমে সংরক্ষিত করতে পারেন এবং বিনামূল্যে অথবা অর্থের বিনিময়ে বিতরণ করতে পারেন। অনুগ্রহ করে নিম্নলিখিত বিবৃতিটি অন্তর্ভুক্ত করবেন

Copyright (c) 2004 by Paul - Timothy

- যে কোন ভাষায় অথবা যে কোন অঞ্চলে যে কোন ব্যক্তির এই উপকরণগুলো, উৎপন্ন করার, সংরক্ষণ করার, বিক্রয় করার এবং বিতরণ করার অধিকার আছে।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from [www.Paul-Timothy.net](http://www.Paul-Timothy.net)